



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং- ২৩/০৩/২০২২খ্রিঃ

### প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক নকল জিপসাম তৈরি কারখানায় অভিযান



গত ২২/০৩/২০২২ খ্রি. বিকাল ১৫.৪৫ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)র উপ-পুলিশ কমিশনার জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের দিক নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপারেশন পরিকল্পনায়, নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব শেখ তাকী তাজওয়ার এর নেতৃত্বে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা জনাব মোছাঃ মোসলেমা খাতুন, পুলিশ পরিদর্শক (নিঃ) জনাব মোঃ সালেহ আহমেদ পাঠান, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম ও সঙ্গীয় ফোর্সসহ আরপিএমপি, রংপুর তাজহাট থানাধীন আনসারী মোড়সংলগ্ন 'ভাবনা চক পাউডার মিল' নামক নকল জিপসাম তৈরীর কারখানায় অভিযান পরিচালনা করা হয়।

উক্ত প্রতিষ্ঠানের উৎপাদন সামগ্রী ও কাগজপত্র যাচাই করে দেখা যায় যে,

- ১) কোন প্রকার ফর্মুলা অনুসরণ ছাড়াই জীপসাম তৈরী করা হচ্ছে।
- ২) প্রতিষ্ঠানের পরিবেশ ছাড়পত্র নাই।
- ৩) জিপসাম তৈরির কাঁচামাল ক্রয়ের চালান/বৈধ কাগজপত্র নাই।
- ৪) পণ্য উৎপাদনে ব্যবহৃত উপাদানসমূহের অনুমোদনপত্র নাই।
- ৫) অগ্নি নির্বাপন ব্যবস্থা নাই।
- ৬) কেমিস্ট নাই।
- ৭) কর্মীদের স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা নাই।

উল্লিখিত অপরাধের কারণে ও উক্ত নকল জীপসাম ও তৈরি উপকরণসহ অনুমান ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার মালামাল জব্দ করা হয়।

পরবর্তীতে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, রংপুর জনাব মোছাঃ মোসলেমা খাতুন এর উপস্থিতিতে রংপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব শেখ তাকী তাজওয়ার 'সার ব্যবস্থাপনা আইন ২০০৬' এর ১৭ ধারায় কারখানার পরিচালক মোঃ জিল্লুর রহমান (৪০), পিতা- মৃত আবেদ আলী, সাং- নুরপুর কবরস্থান, ওয়ার্ড নং- ২৬, থানা- কোতয়ালী, মহানগর, রংপুরকে ১৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে ১ মাসের কারাদণ্ড প্রদানের আদেশ দেন এবং ত্রুটি সংশোধন না করা পর্যন্ত সকল প্রকার উৎপাদন বন্ধের আদেশ দেন।

উল্লেখ্য যে, রংপুর মহানগরী এলাকার সকল ধরনের অপরাধ নিয়ন্ত্রণে রংপুর মেট্রোপলিটন পুলিশের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-

অতিরিক্ত উপ পুলিশ কমিশনার (ডিবি)- ০১৩২০-০৭৩৬৬১।

২৩.০৩.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১